Let's Crack With CrackEx

MAINS GS · ANSWER WRITING BATCH

Artificial Intelligence in India: Benefits, Risks and Safeguards

ভারতে কৃত্রিম বুদ্ধিমত্তা: সুবিধা, ঝুঁকি ও সুরক্ষা

Paper	General Studies — Science & Technology / Miscellaneous
Question type	Three-part descriptive question
Marks / Word limit	20 marks · 300 words
Languages	English and Bengali (বাংলা)
Document	Model answer with word-allocation guide

Section A Model Answer in English

Section B Model Answer in Bengali (বাংলা সংস্করণ)

WEBSITE
www.crackex.in

CONTACT US
9749529218

QUESTION · 20 MARKS · 300 WORDS

"Artificial Intelligence (AI) is changing how India works, learns and governs, but it also brings new risks like job loss and deepfakes."

(a) What are the major benefits of AI for India? **6 marks**

(b) Discuss the main challenges and risks of AI, such as job displacement and deepfakes. **8 marks**

(c) What steps has India taken, and what more should be done, to make AI safe and inclusive? **6 marks**

INTRODUCTION

Artificial Intelligence (AI) means machines performing tasks that normally need human intelligence, such as understanding language or spotting patterns. It can speed up India's growth, but without rules it can also harm people.

(a) Major benefits of AI

6 marks

- **Economy:** Makes work faster and cheaper, and helps startups and small businesses grow.
- **Agriculture:** Gives farmers advice on weather, pests and crop health through mobile phones.
- **Healthcare:** Detects diseases like TB and cancer early, even in remote villages.
- **Education:** Offers personalised lessons. The Bhashini platform translates content into Indian languages.
- **Governance:** Helps predict floods, catch welfare fraud and solve public complaints faster.

(b) Challenges and risks

8 marks

- **Job loss:** Routine jobs like data entry, call centres and clerical work may be automated. Less-skilled workers will find it hard to switch to new jobs.
- **Deepfakes:** Fake but realistic videos or audio spread election misinformation, enable online fraud and damage reputations. This reduces public trust.
- **Bias:** If AI learns from unfair data, it may treat people differently by caste, gender or language, for example in loans or jobs.
- **Privacy and cybercrime:** Personal data can be misused, and scammers use AI for fraud.
- **Digital divide:** The poor, rural people and women, who have less internet access and digital skills, may be left behind.
- **No clear responsibility:** When AI makes a wrong decision, it is unclear who is accountable.

(c) Steps taken and the way forward

6 marks

Steps taken

- **IndiaAI Mission (2024):** ₹10,372 crore outlay. It provides 38,000+ GPUs (powerful computer chips) at low cost to startups, students and researchers.
- **AI Governance Guidelines (2025):** Human-centred approach using existing laws.
- **DPDP Act, 2023:** Protects personal data.
- **IT Rules amendment (2026):** AI-generated content must be labelled, and harmful deepfakes must be removed quickly.

Way forward

- **Reskilling:** Train workers and support those who lose jobs.
- **Regulation:** Make clear, risk-based rules, check AI for bias, and keep humans in charge of key decisions.
- **Deepfake control:** Develop detection tools and teach people to spot fake content.
- **Inclusion:** Provide affordable AI tools in local languages for villages.

CONCLUSION

AI should serve people, not replace them. With the right rules, skills and access, India can achieve "AI for All".

Approx. 300 words

Word allocation guide

Part	Directive	Marks	Suggested words
Introduction	Define AI, state the balance	—	~25
(a) Benefits	"What" — factual list	6	~60
(b) Challenges	"Discuss" — multi-dimensional	8	~80
(c) Steps and way forward	Two parts: taken and needed	6	~90
Conclusion	Forward-looking close	—	~20

Points to remember while writing

- Keep the introduction and conclusion to one or two lines each. In a 300-word answer, every word must earn marks.
- Always name at least one scheme or law with its year in part (c). That is where the marks are.
- Part (b) carries the most marks, so cover the two named risks (job loss, deepfakes) first, then add other dimensions.
- Part (c) has two halves. Give steps already taken and what more is needed, in balanced space.
- If words are spare, a small flowchart (Benefits → Risks → Response) can replace some text and make the answer stand out.

Facts used in this answer

- IndiaAI Mission: launched March 2024, outlay ₹10,372 crore, 38,000+ GPUs onboarded for startups and academia.
- India AI Governance Guidelines: released November 2025, human-centric and built on existing legislation.
- IT Rules amendment: in force from 20 February 2026, with mandatory labelling and traceability of AI-generated content and faster takedown of harmful deepfakes.
- Latest development (optional line): at the India AI Impact Summit, February 2026, an addition of 20,000 GPUs was announced.

GLOSSARY

Deepfake AI-made fake video, photo or audio that looks real.
GPU A powerful computer chip needed to train AI.
Algorithmic bias Unfair results because the AI learned from unfair data.
DPDP Act Digital Personal Data Protection Act, a law on how personal data can be used.

প্রশ্ন · ২০ নম্বর · ৩০০ শব্দ

“কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ভারতের কাজ, শিক্ষা ও শাসনের ধরন বদলে দিচ্ছে, কিন্তু একই সঙ্গে চাকরি হারানো ও ডিপফেকের মতো নতুন ঝুঁকিও তৈরি করছে।”

(ক) ভারতের জন্য AI-এর প্রধান সুবিধাগুলি কী কী? **৬ নম্বর**

(খ) চাকরি হারানো ও ডিপফেকের মতো AI-এর প্রধান চ্যালেঞ্জ ও ঝুঁকিগুলি আলোচনা করুন। **৮ নম্বর**

(গ) AI-কে নিরাপদ ও অন্তর্ভুক্তিমূলক করতে ভারত কী কী পদক্ষেপ নিয়েছে এবং আরও কী করা উচিত? **৬ নম্বর**

ভূমিকা

কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) হল এমন প্রযুক্তি, যেখানে যন্ত্র মানুষের মতো ভাষা বোঝা বা প্যাটার্ন চেনার কাজ করে। এটি ভারতের উন্নয়নকে দ্রুত করতে পারে, কিন্তু নিয়ম ছাড়া ব্যবহার হলে মানুষের ক্ষতিও করতে পারে।

(ক) AI-এর প্রধান সুবিধা

৬ নম্বর

- **অর্থনীতি:** কাজ দ্রুত ও সস্তা করে এবং স্টার্টআপ ও ছোট ব্যবসার বিকাশে সাহায্য করে।
- **কৃষি:** মোবাইলের মাধ্যমে কৃষকদের আবহাওয়া, পোকামাকড় ও ফসলের স্বাস্থ্য নিয়ে পরামর্শ দেয়।
- **স্বাস্থ্য:** প্রত্যন্ত গ্রামেও যক্ষ্মা ও ক্যান্সারের মতো রোগ আগেভাগে ধরতে সাহায্য করে।
- **শিক্ষা:** শিক্ষার্থীর প্রয়োজন অনুযায়ী পড়াশোনার সুযোগ দেয়। ‘ভাষিণী’ প্ল্যাটফর্ম বিষয়বস্তু ভারতীয় ভাষায় অনুবাদ করে।
- **শাসনব্যবস্থা:** বন্যার পূর্বাভাস, কল্যাণমূলক প্রকল্পের দুর্নীতি ধরা এবং অভিযোগ দ্রুত নিষ্পত্তিতে সাহায্য করে।

(খ) প্রধান চ্যালেঞ্জ ও ঝুঁকি

৮ নম্বর

- **চাকরি হারানো:** ডেটা এন্ট্রি, কল সেন্টার ও কেরানির কাজের মতো নিয়মিত কাজ স্বয়ংক্রিয় হয়ে যেতে পারে। কম দক্ষ শ্রমিকদের নতুন কাজে যাওয়া কঠিন হবে।
- **ডিপফেক:** বাস্তবের মতো দেখতে ভুয়া ভিডিও বা অডিও নির্বাচনে ভুল তথ্য ছড়ায়, অনলাইন প্রতারণা ঘটায় ও সম্মানহানি করে। এতে জনগণের আস্থা কমে।
- **পক্ষপাত (Bias):** AI অন্যায্য ডেটা থেকে শিখলে ঋণ বা চাকরির ক্ষেত্রে জাত, লিঙ্গ বা ভাষার ভিত্তিতে বৈষম্য করতে পারে।
- **গোপনীয়তা ও সাইবার অপরাধ:** ব্যক্তিগত তথ্যের অপব্যবহার হতে পারে এবং প্রতারকরা AI ব্যবহার করে জালিয়াতি করে।
- **ডিজিটাল বিভাজন:** ইন্টারনেট ও ডিজিটাল দক্ষতা কম থাকায় গরিব, গ্রামীণ মানুষ ও নারীরা পিছিয়ে পড়তে পারেন।
- **দায়বদ্ধতার অভাব:** AI ভুল সিদ্ধান্ত নিলে কে দায়ী, তা স্পষ্ট নয়।

(গ) গৃহীত পদক্ষেপ ও ভবিষ্যৎ করণীয়

৬ নম্বর

এ পর্যন্ত গৃহীত পদক্ষেপ

- **ইন্ডিয়া-AI মিশন (২০২৪):** বরাদ্দ ₹১০,৩৭২ কোটি। স্টার্টআপ, শিক্ষার্থী ও গবেষকদের কম খরচে ৩৮,০০০+ GPU (শক্তিশালী কম্পিউটার চিপ) দেওয়া হচ্ছে।
- **AI গভর্নেন্স গাইডলাইন (২০২৫):** মানুষকে কেন্দ্রে রেখে, বিদ্যমান আইন ব্যবহার করে নিয়ন্ত্রণের নীতি।
- **ডিজিটাল ব্যক্তিগত তথ্য সুরক্ষা (DPDP) আইন, ২০২৩:** ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখে।
- **আইটি রুলস সংশোধন (২০২৬):** AI-তৈরি কন্টেন্টে লেবেল দেওয়া বাধ্যতামূলক এবং ক্ষতিকর ডিপফেক দ্রুত সরানোর নিয়ম।

ভবিষ্যতে যা করা উচিত

- **পুনর্দক্ষতা (Reskilling):** শ্রমিকদের নতুন দক্ষতা শেখানো এবং যারা চাকরি হারাবেন তাদের সুরক্ষা দেওয়া।
- **নিয়ন্ত্রণ:** ঝুঁকি অনুযায়ী স্পষ্ট আইন, AI-এর পক্ষপাত যাচাই এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে মানুষের নিয়ন্ত্রণ বজায় রাখা।
- **ডিপফেক দমন:** শনাক্তকরণ প্রযুক্তি তৈরি এবং ভুয়া কন্টেন্ট চেনার সচেতনতা বাড়ানো।
- **অন্তর্ভুক্তি:** গ্রামের মানুষের জন্য স্থানীয় ভাষায় সস্তা AI সরঞ্জাম।

উপসংহার

AI-এর কাজ মানুষের সেবা করা, মানুষকে সরিয়ে দেওয়া নয়। সঠিক নিয়ম, দক্ষতা ও সুযোগ থাকলে ভারত “সবার জন্য AI” (AI for All) বাস্তবায়ন করতে পারবে।

প্রায় ৩০০ শব্দ

শব্দসংখ্যা বণ্টনের নির্দেশিকা

অংশ	নির্দেশক শব্দ	নম্বর	প্রস্তাবিত শব্দ
ভূমিকা	AI-এর সংজ্ঞা ও ভারসাম্যের কথা	—	~২৫
(ক) সুবিধা	"কী কী" — তথ্যভিত্তিক তালিকা	৬	~৬০
(খ) চ্যালেঞ্জ	"আলোচনা করুন" — বহুমাত্রিক বিশ্লেষণ	৮	~৮০
(গ) পদক্ষেপ ও ভবিষ্যৎ করণীয়	দুটি অংশ: গৃহীত ও প্রয়োজনীয়	৬	~৯০
উপসংহার	ভবিষ্যৎমুখী সমাপ্তি	—	~২০

লেখার সময় মনে রাখার বিষয়

- ভূমিকা ও উপসংহার এক-দুই লাইনে শেষ করুন। ৩০০ শব্দের উত্তরে প্রতিটি শব্দের মূল্য আছে।
- (গ) অংশে অন্তত একটি প্রকল্প বা আইনের নাম সাল-সহ লিখুন। নম্বর এখানেই পাওয়া যায়।
- (খ) অংশে সবচেয়ে বেশি নম্বর, তাই আগে প্রশ্নে উল্লিখিত দুটি ঝুঁকি (চাকরি হারানো, ডিপফেক) লিখুন, তারপর অন্য দিকগুলি যোগ করুন।
- (গ) অংশের দুটি ভাগ আছে। গৃহীত পদক্ষেপ এবং ভবিষ্যৎ করণীয়, দুটিকেই সমান গুরুত্ব দিন।
- শব্দ বাঁচলে একটি ছোট ফ্লোচার্ট (সুবিধা → ঝুঁকি → সমাধান) দিলে উত্তর আলাদা করে চোখে পড়ে।

উত্তরে ব্যবহৃত তথ্য

- ইন্ডিয়া-AI মিশন: শুরু ২০২৪ সালের মার্চে, বরাদ্দ ₹১০,৩৭২ কোটি, স্টার্টআপ ও শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৩৮,০০০+ GPU।
- ইন্ডিয়া AI গভর্নেন্স গাইডলাইন: প্রকাশ ২০২৫ সালের নভেম্বরে, মানবকেন্দ্রিক এবং বিদ্যমান আইননির্ভর।
- আইটি রুলস সংশোধন: কার্যকর ২০২৬ সালের ২০ ফেব্রুয়ারি থেকে, AI-তৈরি কন্টেন্টে বাধ্যতামূলক লেবেল ও উৎস-শনাক্তকরণ এবং ক্ষতিকর ডিপফেক দ্রুত সরানোর নিয়ম।
- সাম্প্রতিক তথ্য (ঐচ্ছিক): ২০২৬ সালের ফেব্রুয়ারিতে ইন্ডিয়া AI ইমপ্যাক্ট সামিটে আরও ২০,০০০ GPU যোগ করার ঘোষণা হয়েছে।

শব্দার্থ

ডিপফেক	AI দিয়ে তৈরি নকল ভিডিও, ছবি বা অডিও, যা দেখতে আসল মনে হয়।
GPU	AI প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় শক্তিশালী কম্পিউটার চিপ।
অ্যালগরিদমিক পক্ষপাত	অন্যায্য ডেটা থেকে শেখার ফলে AI-এর অন্যায্য ফলাফল।
DPDP আইন	ব্যক্তিগত তথ্য কীভাবে ব্যবহার করা যাবে, তা নিয়ে আইন।